**Department of Education**
Chancellor Richard A. Carranza

13 জুলাই, 2020

প্রিয় পরিবারবর্গ,

আশা করছি আপনারা এবং আপনাদের সন্তানরা একটি চমৎকার গ্রীষ্ম উপভোগ করছেন এবং এর পাশাপাশি সুস্বাস্থ্য ও নিরাপদে আছেন। বিশ্রাম ও পুনঃউদ্যোমের জন্য গ্রীষ্মকালটা গুরুত্বপূর্ণ সময় হতে পারে—বিশেষ করে গত কয়েকটি মাসের পর, যা শিক্ষার্থী, পরিবার, এবং স্টাফ - সকলের জন্যই অত্যন্ত চ্যালেঞ্জপূর্ণ ছিল।

একসাথে, আমরা ঐ চ্যালেঞ্জ মোকাবিলায় উত্তীর্ণ হয়েছি—এবং আপনাদের সন্তানরা এই অভূতপূর্ব পরিস্থিতিতে কী করতে সক্ষম তা প্রমাণ করেছে। এই গ্রীষ্মে, আমি আপনাদের শেখা চালিয়ে যেতে অনুরোধ করছি!

আমাদের সামনে একটি অগতানুগতিক শিক্ষা বছর আসছে, এবং আমরা জানি যে সকল শিক্ষার্থীরা সফলতার জন্য ভাল অবস্থায় থাকবে যদি তারা সামাজিক ও আবেগজনিতভাবে, এবং পরবর্তী কয়েক সপ্তাহ শিক্ষাগত অন্বেষণে সক্রিয়ভাবে সম্পৃক্ত থাকে।

আপনার ছেলেমেয়েদের শিক্ষাগতভাবে সফলতায় সহায়তা করার জন্য, আপনি এবং আপনার পরিবারের জন্য আমরা উভয় আনন্দময় ও বুদ্ধিমত্তায় চিত্তাকর্ষক শেখার রিসোর্সসমূহ একত্রিত করেছি: গ্রীষ্মকালীন রিডিং, গ্রীষ্মকালীন সমৃদ্ধি, কলেজ ব্রিজ ফর অল, এবং অন্যান্য সহায়তা, যেগুলো পুরো গ্রীষ্মকাল জুড়ে থাকবে। অনুগ্রহ করে আরও জানতে বাকি অংশটুকু পড়ুন—আপনাকে যতটুকু সম্ভব এই সুযোগগুলোর

সদ্ব্যবহার করতে আমি উৎসাহিত করছি!

## গ্রীষ্মকালীন (সামার) রিডিং

ছেলেমেয়েদের মন সক্রিয় রাখতে এবং তাদের সৃজনশীলতা বজায় রাখার একটি উত্তম পন্থা হচ্ছে পুরো গ্রীষ্মকাল জুড়ে পড়া অব্যাহত রাখা। শুধুমাত্র বিগত শিক্ষা বছরের শেষ থেকে, নিউ ইয়র্ক সিটি শিক্ষার্থীরা 30,000 এর উপর বই ধার করেছে এবং ইবুক রিডার, সোরা (Sora)-এ, তারা 7,500 ঘন্টার বেশি বই পড়েছে। DOE অব্যাহতভাবে 3K–12 গ্রেডের শিক্ষার্থীদের সোরা (Sora)-এর মাধ্যমে বিনামূল্যে শত শত ইবুক ও অডিওবুক অফার করতে পেরে আনন্দিত। আপনারা আপনাদের ছেলেমেয়েদের পড়ে শোনাতে এবং তারা নিজেরা স্বনির্ভরভাবে পড়তে আমরা উৎসাহিত করছি। এই সংগ্রহ দেখতে আপনার শুধু আপনার DOE-এর অ্যাকাউন্টের নাম এবং পাসওয়ার্ড প্রয়োজন হবে। আরো জানতে schools.nyc.gov/summerreading ভিজিট করুন।

অতিরিক্তভাবে, নিউ ইয়র্ক সিটি স্কুল লাইব্রেরি সিস্টেম NYC পাবলিক স্কুলের শিক্ষার্থীদের জন্য K-12 ফিকশন নন-ফিকশন (কাল্পনিক সাহিত্য) ও নন-ফিকশন নন-ফিকশন (প্রকৃত তথ্যভিত্তিক সাহিত্য) ইবুক-এর একটি বিশেষ সংগ্রহ তৈরি করেছে। সম্পূর্ণ সংগ্রহ দেখতে galepages.com/nycdoe11/ebooks ভিজিট করুন। এই ইবুকগুলো দেখতে, ইউজারনেম ও পাসওয়ার্ডের জন্য অনুগ্রহ করে libraries@schools.nyc.gov ঠিকানায় ইমেইল করুন।

## গ্রীষ্মকালীন শিক্ষাগত সমৃদ্ধির চ্যালেঞ্জ এবং কর্মকাণ্ডসমূহ

কে বলেছে শিক্ষা আপনাকে উদ্দিপনাময় নতুন ভুবনে নিয়ে যাবে না? এই গ্রীষ্মে, 100-টির বেশি ভার্চুয়াল ফিল্ড ট্রিপ থেকে পরিবারেরা ভার্চুয়ালভাবে অসাধারণ মানুষ এবং স্থানসমূহ "পরিদর্শন" বেছে নিতে পারে। এই ভার্চুয়াল সংস্থান বা রিসোর্সগুলো শিক্ষার্থীদের অভাবনীয় ঐতিহাসিক পরিস্থিতি মোকাবিলা করতে এবং অসাধারণ বিষয়সমূহ: পশুপাখি থেকে অ্যারোস্পেস, নিউ ইয়র্ক সিটির পানি সরবরাহ থেকে জাতীয় পার্কসমূহ, মৌমাছি থেকে হিপ-হপ, এবং আরো অনেক কিছু সম্পর্কে আরো জানতে সহায়তা করবে। আমাদের ডজন ডজন অংশীদারদের মধ্যে রয়েছে অড্যোবন নিউ ইয়র্ক, প্যাল্যে সেন্টার ফর মিডিয়া, কুইন্স বোটানিক্যাল গার্ডেন, স্ট্যাটেন আইল্যান্ড জু, ওয়াইল্ডলাইফ কনজারভেশন সোসাইটি। তারা আপনাদের নিউ ইয়র্কের পথঘাট এবং আরো অনেক কিছু অন্বেষণ করতে অধীর আগ্রহে অপেক্ষা করছে।

**Department of Education**
Chancellor Richard A. Carranza

এছাড়াও শিক্ষার্থীদের অংশগ্রহণের জন্য 13 জুলাই থেকে 17 অগাস্ট পর্যন্ত কতগুলো সিটিব্যাপী চ্যালেঞ্জের আয়োজন করছে। আপনি কোন বরোতে বসবাস করেন অথবা কোন গ্রেডে পড়ছেন তাতে কিছু আসে-যায় না: আপনার কঠোর পরিশ্রম ও প্রতিভা অন্যদের দেখাতে আপনি একটি আনন্দময় প্রতিযোগীতায় অংশগ্রহণ করতে পারেন। এই আনন্দময় গ্রীষ্মকালীন চ্যালেঞ্জগুলোর মধ্যে রয়েছে নাচ বা গানের মধ্য দিয়ে নিজেকে ব্যক্ত করা, মাইনক্র্যাফট্ ব্যবহার করে নিজের মুখমণ্ডলের একটি পিক্সেল ছবি তৈরি করা, একটি নিউ ইয়র্ক সিটি পাখি দেখার (বার্ড ওয়াচিং) চ্যালেঞ্জ।

আপনি সোরা (Sora), ভার্চুয়াল ফিল্ড ট্রিপ, এবং সিটিব্যাপী চ্যালেঞ্জগুলো সম্পর্কে আরো জানতে পারেন schools.nyc.gov/summerlearning সাইটে।

## কলেজ ব্রিজ ফর অল

আমরা 2020 গ্র্যাজুয়েশনকারী ক্লাসের জন্য অত্যন্ত গর্বিত – জুনের শেষে একটি সিটিব্যাপী গ্র্যাজুয়েশন উৎসব আমরা জেনিফার লোপেজ, অ্যালেক্স রড্রিগেজ, লিন-ম্যানুয়েল মিরান্ডা, এবং আরো অনেক গর্বিত নিউ ইয়র্ক বাসীর সাথে একত্রে উদ্‌যাপন করেছি। আপনি যদি সিটিব্যাপী উদ্‌যাপনে যোগ দিতে না পেরে থাকেন, আপনি সেটা nycclassof2020.com সাইটে দেখতে পারেন।

আমরা আমাদের গ্র্যাজুয়েটদের পরবর্তী ধাপগুলোতে কলেজ ব্রিজ ফর অল-এর মাধ্যমে বিনামূল্যে ব্যক্তিগতকৃত কোচিং দ্বারা অব্যাহতভাবে সহায়তা প্রদান করছি। এখন থেকে সেপ্টেম্বর পর্যন্ত, গ্র্যাজুয়েটরা কোচদের কাছ থেকে সহায়তা পেতে পারে, যারা তাদের সকল পথসমূহে উত্তরণের সহায়তা করতে প্রশিক্ষিত, তা যাই হোকনা কেন কলেজ, একটি পেশাগত প্রশিক্ষণ কর্মসূচি, একটি বৃত্তিমূলক কর্মসূচি, পরষেবা, বা চাকুরী। অনুগ্রহ করে আপনার গ্র্যাজুয়েটকে সিনিয়র কনট্যাক্ট ফর্মটি bit.ly/classof2020nyc সাইটে পূরণ করতে উৎসাহিত করুন।

## অব্যাহত সহায়তাসমূহ

এই অব্যাহত পরিষেবাগুলো সম্পর্কে তড়িৎ স্মরণ করিয়ে দেয়া:

- **সামার স্কুল** অগাস্টের মাঝামাঝি পর্যন্ত চলবে। আরো তথ্যের জন্য, schools.nyc.gov/summerschool ভিজিট করুন।
- **দূর থেকে শিক্ষা (রিমোট লার্নিং)**। আপনার ডিজিটাল দক্ষতা স্মরণ করতে চান? গুগল্ ক্লাসরুম, মাইক্রোসফট টিমস্ (Microsoft Teams), জুম (Zoom), এবং অন্যান্য রিমোট লার্নিং প্ল্যাটফর্মগুলো সম্পর্কে আরো জানতে schools.nyc.gov/technicaltools ভিজিট করুন।
- **"লেটস্ লার্ন NYC (Let's Learn NYC)!"**, WNET/THIRTEEN দ্বারা উপস্থাপিত একটি শিক্ষাগত পাবলিক টেলিভিশন প্রোগ্রাম, যা আপনার স্থানীয় টেলিভিশন নেটওয়ার্ক চ্যানেল 13-এ 13 জুলাই থেকে 28 অগাস্ট পর্যন্ত দুপুর 12 p.m. থেকে 1 p.m. (EST) পর্যন্ত আবার সম্প্রচারিত হচ্ছে। লেটস্ লার্ন NYC (Let's Learn NYC)!-এর ধারাবাহিক পর্বগুলো অনলাইনেও দেখা যাবে thirteen.org/programs/lets-learn-nyc/ ঠিকানায়। পর্বগুলো 3-K থেকে দ্বিতীয় গ্রেড পর্যন্ত ছেলেমেয়েদের জন্য ভিত্তিমূলক রিডিং (পঠন) এবং রাইটিং (লিখন)-এর দক্ষতা, ম্যাথ (গণিত), সোশ্যাল স্টাডিজ (সমাজপাঠ), এবং সায়েন্স (বিজ্ঞান)-এ অব্যাহতভাবে মনোনিবেশ করবে। আরো তথ্য খুঁজে পাবেন: schools.nyc.gov/letslearn সাইটে।

NYC Department of Education
Chancellor Richard A. Carranza

- **মিল হাবসমূহ** সকল নিউ ইয়র্কারদের বিনামূল্যে গ্র্যাব-অ্যান্ড-গো খাবার প্রদান করছে। এই পরিষেবা লভ্য রয়েছে, সোমবার থেকে শুক্রবার, দুপুর 7:30 a.m. থেকে 1:30 p.m. পর্যন্ত। আরো তথ্য এবং আপনার নিকটবর্তী মিল হাব খুঁজে পেতে schools.nyc.gov/freemeals ভিজিট করুন।

- **রিজিওন্যাল এনরিচমেন্ট সেন্টারগুলো** অপরিহার্য কর্মীদের জন্য জরুরি চাইল্ড কেয়ার প্রদান করে, এবং পরিচালিত হবে অগাস্টের শেষ পর্যন্ত, প্রতি সোমবার থেকে শুক্রবার, 7:30 a.m. থেকে 6:00 p.m. পর্যন্ত। আরো তথ্য খুঁজে পাবেন: schools.nyc.gov/RECs সাইটে।

যদিও আপনি গ্রীষ্মকালটি সর্বোচ্চ উপভোগ করছেন, আমি জানি আপনারা এই হেমন্তে (ফল) আপনার সন্তানের শিক্ষা কেমন হবে তা জানতে উদগ্রীব হয়ে আছেন। আমাদের স্কুলে ফেরা সংক্রান্ত জরিপ পূরণ করার জন্য 400,000 এর বেশি পরিবারদের আমি ধন্যবাদ জানাতে চাই। আপনার মতামত আমাদের সিদ্ধান্ত গ্রহণের একটি গুরুত্বপূর্ণ অংশ। বরাবরের মতই, আমাদের শিক্ষার্থী, পরিবার, এবং স্টাফ সদস্যদের নিরাপত্তা আমাদের প্রথম অগ্রাধিকার। আমরা সেন্টার ফর ডিজিজ কন্ট্রোল অ্যান্ড প্রিভেনশন, স্টেট অব নিউ ইয়র্ক, এবং NYC ডিপার্টমেন্ট অভ হেলথ্ অ্যান্ড মেন্টাল হাইজিন-এর পথনির্দেশনা নিবিড়ভাবে অনুসরণ করছি।

প্রাথমিক পরিকল্পনার পথনির্দেশনা স্কুল ও পরিবারদের সাথে শেয়ার করা হয়েছে, এবং সর্বসাম্প্রতিক তথ্য পেতে পারেন schools.nyc.gov/returntoschool2020 সাইটে। অনুগ্রহ করে জেনে রাখুন যে আমাদের পরিকল্পনা প্রয়োজন অনুযায়ী নমনীয়, এবং গণস্বাস্থ্য পরিস্থিতি বিবর্ধিত হওয়ার সাথে সাথে এবং স্কুল খোলার কাছাকাছি সময়ে অগ্রসর হবার পথে আমরা অব্যাহতভাবে সেটা পরিবর্তন ও হালনাগাদ করে যাবে।

স্কুলগুলোতে হেমন্তে নিরাপদে ফিরে আসতে স্কুল নেতৃবৃন্দ এবং শিক্ষকগণের পাশাপাশি আপনি, আপনার পরিবার ও শিক্ষার্থীদের সাথে অংশিদারীত্ব প্রয়োজন। আমি প্রয়োজনীয় পথনির্দেশনা পাবার প্রেক্ষিতে আপনাকে অব্যাহতভাবে অবহিত করবো। আমি আগেও বলেছি এবং তা এখন কোনো অংশেই কম সত্য নয়: আপনার হচ্ছে সবচেয়ে গুরুত্বপূর্ণ অংশীদার এবং আমি আপনাদের প্রতি আজ ও প্রতিদিন কৃতজ্ঞ।

আপনার গ্রীষ্মকালটি (সামার) উপভোগ করুন। অনুগ্রহ করে নিরাপদ ও সুস্থ থাকুন—এবং শেখা অব্যাহত রাখুন!

বিনীত,

রিচার্ড এ. কারানজা (Richard A. Carranza)
চ্যান্সেলর
নিউ ইয়র্ক সিটি ডিপার্টমেন্ট অভ এডুকেশন